গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nbr.gov.bd
[কাস্টমস মামলা ও বিরোধ নিষ্পত্তি]

# ‘গণবিজ্ঞপ্তি’

জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস ও মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলা বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) প্রক্রিয়ায় নিষ্পত্তিতে সহায়তাকারী (Facilitator) হিসেবে অন্তর্ভূক্তির জন্য আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান।

Customs Act, 1969 এর Section 192 D এবং শুল্ক (বিকল্প বিরোধ নিষ্পত্তি) বিধিমালা, ২০১২ এর বিধি-৫ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-১২৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-১০১ এর আওতায় সহায়তাকারী (Facilitator) হিসেবে অন্তর্ভূক্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

১। কাস্টমস সংক্রান্ত মামলা নিষ্পত্তির জন্য সহায়তাকারীর (Facilitator) যোগ্যতা নিম্নরূপঃ

(ক) শুল্ক বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ যুগ্ম কমিশনারের নিম্নে নহেন এইরুপ অবসর প্রাপ্ত কোন শুল্ক কর্মকর্তা;
(খ) অতিরিক্ত জেলা জজ এর নিম্নে নহেন এইরুপ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অবসর প্রাপ্ত কোন কর্মকর্তা;
(গ) শুল্ক বিষয়ে অন্যুন সাত (৭) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী বা চার্টার্ড একাউন্টেন্ট;
(ঘ) উপ-সচিবের নিম্নে নহে এইরুপ আইন ও লেজিসলেটিভ বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা;
(ঙ) শুল্ক বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ কোন ব্যবসায়ী।

২। মূল সংযোজন কর সংক্রান্ত মামলা নিষ্পত্তির জন্য সহায়তাকারীর (Facilitator) যোগ্যতা নিম্নরূপঃ

(ক) মূল সংযোজন কর বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ অতিরিক্ত কমিশনারের নিম্নে নহেন এইরুপ অবসর প্রাপ্ত কোন মূল সংযোজন কর কর্মকর্তা;
(খ) অতিরিক্ত জেলা জজ এর নিম্নে নহেন এইরুপ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অবসর প্রাপ্ত কোন কর্মকর্তা;
(গ) মূল সংযোজন কর বিষয়ে অন্যুন সাত (৭) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী বা চার্টার্ড একাউন্টেন্ট;
(ঘ) উপ-সচিব বা সমপর্যাদার পদের নিম্নে নহেন এইরুপ আইন ও লেজিসলেটিভ বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ অবসরপ্রাপ্ত কোন সরকারী কর্মকর্তা; এবং
(ঙ) ব্যবসার ক্ষেত্রের নূন্যতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন ও মূল সংযোজন কর বিষয়ে দক্ষ কোন ব্যবসায়ী।

০৩। উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে সহায়তাকারী (Facilitator) হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান বরবার আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

০৪। আবেদনের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবে।

ক) জাতীয় পরিচয় পত্রের কপি;
খ) পাসপোর্ট সাইজের ছবি ০১ (এক) কপি;
গ) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সদনের কপি;
ঘ) ব্যবসায়ী হলে ব্যবসা সনাক্তকরণ নাম্বার (বিআইএন) এর কপি;
ঙ) শুল্ক (বিকল্প বিরোধ নিষ্পত্তি) বিধিমালা, ২০১২ এর বিধি-৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-১০১ এ বর্ণিত যোগ্যতার প্রমাণের স্বপক্ষে সংশ্লিষ্ট দলিলাদি।

**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।**

E:\শুল্ক মামলা ও বিরোধ নিষ্পত্তি\01.02.13 ADR\LETTER.DOCX